



বাংলাদেশ চা বোর্ড
চা বাগান ব্যবস্থাপনা কোষ
প্রধান কার্যালয়
১৭১-১৭২ বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।

“বেশি বেশি চা পান করুন
স্বাস্থ্য সুন্দর সতেজ রাখুন”।

“বেশি বেশি লিকার চা পানে
ক্যান্সার, হৃদরোগ হার মানে”।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রিত ও পরিচালিত মৌলভীবাজার জেলার অবস্থিত বিভিন্ন চা বাগানের জন্য নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিক হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা
১	সহকারী ব্যবস্থাপক	২৩,০০০-৫৫,৪৭০ টাকা স্কেলে বাংলাদেশ চা বোর্ডের অনুমোদিত হারে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।	০২ টি	নূন্যতম স্নাতক পাশ। বিএসসি (অনার্স)- উদ্ভিদ বিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান, কৃষিতত্ত্বকে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

- ১। দরখাস্তে প্রার্থীর পুরো নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা ও ধর্ম লিপিবদ্ধ করতে হবে।
- ২। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র(যদি থাকে) এর সত্যায়িত চিত্রলিপি আবেদনের সহিত সংযুক্ত করতে হবে। চূড়ান্ত মৌখিক পরীক্ষার সময় উক্ত মূল সনদপত্র সংগে আনতে হবে।
- ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ ওয়ার্ড কমিশনার এর নিকট হতে জাতীয়তা সনদ এবং প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি আবেদনের সহিত দাখিল করতে হবে।
- ৪। বৈধ কাগজপত্র ও সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই)কপি সত্যায়িত ছবিসহ আবেদন সচিব, বাংলাদেশ চা বোর্ডকে সম্বোধন করে আগামী ২৯/০৩/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন দাখিল করতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। ২৯/০৩/২০১৮ তারিখ পর্যন্ত বয়স উল্লেখ করতে হবে।
- ৫। সচিব, বাংলাদেশ চা বোর্ড, এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার দাখিল করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণ করা হবে না।
- ৬। বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। দেশের কোন চা বাগানে কর্মরত ও বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৭। অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনের সহিত সংযুক্ত কোন কিছুই ফেরতযোগ্য নহে।
- ৮। আবেদনের সহিত প্রার্থীর নিজ নাম ও বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ টাকার মূল্যমানের ৯.৫ x ৪.৫ ইঞ্চি বিশিষ্ট ১টি ফেরত খাম সংযুক্তকারে প্রেরণ করতে হবে।
- ৯। লিখিত ও মৌখিক পরীক্ষায় আসার জন্য কোন প্রকার টি এ / ডি এ প্রদান করা হবে না।
- ১০। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১১। যে কোন তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

স্বাঃ-

চেয়ারম্যান

বাংলাদেশ চা বোর্ড এর পক্ষে সচিব।